## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিপ-৬/৬৩৭৬/২৫৬ তারিখ: ২৯-০৭-২০২৬ খ্রি.

**বিষয়: যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ শাহাজান আলী-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।**

সূত্র: (ক) মহামান্য হাইকোর্টের ২৭-০৫-২০২৪ খ্রি. তারিখের ৫০২১/২০২৪ নং রীট পিটিশনের আদেশ।
(খ) উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর-এর ০১-০৭-২০২৬ খ্রি. তারিখে ০৫.৪৪.৪১৩৮.০০০.০০২.০১.২৬-৯১১ নম্বর স্মারকপত্র।
(গ) জনাব মোঃ শাহাজান আলী-এর ০৭-০৬-২০২৬ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন বুড়িহাটী বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়-এর সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব মোঃ শাহাজান আলী-কে ম্যানেজিং কমিটি ০৯-১০-২০২১ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করেন। প্রধান শিক্ষক (সাময়িক বরখাস্তকৃত) জনাব মোঃ শাহাজান আলী-কে ম্যানেজিং কমিটি চূড়ান্ত বরখাস্ত অনুমোদনের জন্য যশোর শিক্ষা বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন বোর্ডে আবেদন করেন। আপিল এন্ড আর্বিট্রেশন বোর্ডে জনাব মোঃ শাহাজান আলী-এর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত না হওয়ায় চূড়ান্ত বরখাস্তের আবেদনটি নামঞ্জুর করার সিদ্ধান্ত গ্রহণ করলে ম্যানেজিং কমিটির সভাপতি জনাব মোঃ মোসলেম উদ্দীন মহামান্য হাইকোর্টে ৫০২১/২০২৪ রীট পিটিশন দায়ের করেন এবং মহামান্য হাইকোর্ট গত ১২-০৩-২০২৪ খ্রি. তারিখে রীট পিটিশন খারিজ করেন। ফলে বর্ণিত বিদ্যালয়ের অন্তর্বতীকালীন সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর জনাব মোঃ শাহাজান আলীকে স্বপদে যোগদানের বিষয়ে নির্দেশনা প্রদানের অনুরোধ করেন। যেহেতু যশোর শিক্ষা বোর্ডের আপিল এন্ড আর্বিট্রেশন বোর্ডের সিদ্ধান্তের বিরুদ্ধে রীট পিটিশন দায়ের করলে রীট পিটিশন খারিজ হয়। ফলে আপিল এন্ড আর্বিট্রেশন বোর্ডের গত ২৫-০৩-২০২৪ খ্রি. তারিখের ৮৫(২) নং আলোচ্যসূচির ১০ (দশ) নং ক্রমিকের সিদ্ধান্ত ও মহামান্য আদালতের ৫০২১/২০২৪ নং রীট পিটিশন আদেশ মোতাবেক প্রধান শিক্ষক জনাব মোঃ শাহাজান আলী-এর সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহারপূর্বক স্বপদে পুনর্বহাল পূর্বক যোগদানপত্র গ্রহণ করে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করা এবং সাময়িক বরখাস্তকালীন সময়ের সমুদয় বেতন-ভাতা প্রদানের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে
স্বাক্ষরিত
(মুঃ এনামুল কবীর)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর: ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার
বুড়িহাটি বহুমুখী মাধ্যমিক বিদ্যালয় (১১৫৮৫০)
বুড়িহাটি, কেশবপুর, যশোর।

স্মারক নম্বর-বিপ-৬/৬৩৭৬/২৫৬ তারিখ: ২৯-০৭-২০২৬ খ্রি.

<u>অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:</u>

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, বাংলাদেশ, ঢাকা।
৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ০১ নং সোনারগাঁও রোড, (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
৫। জেলা প্রশাসক, যশোর।
৬। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
৯। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বুড়িহাটি বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, বুড়িহাটি, কেশবপুর, যশোর।
১০। জনাব মোঃ শাহাজান আলী, (সাময়িক বরখাস্তকৃত) প্রধান শিক্ষক, বুড়িহাটি বহুমুখী মাধ্যমিক বিদ্যালয়, বুড়িহাটি, কেশবপুর, যশোর।
১১। সংরক্ষণ নথি।

২৯.৭.২৬

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর